



## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর-১৭০৩।  
ফোন : ৯২০৪৬১৩/৪০২৬, মোবাইল : ০১৭৬৯০৪৪০৯২, ই-মেইল : ddambof@gmail.com  
ওয়েবসাইট-www.bof.gov.bd

# চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানায় ১ম শ্রেণির পদে ০১ (এক) বৎসরের জন্য (নবায়নযোগ্য) নিম্নোক্ত ০৪টি পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদানের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম	পদ সংখ্যা ও ট্রেড	বেতন ও ভাতাদি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
সহকারী ব্যবস্থাপক (কারিগরি)	৩টি ইলেকট্রিক্যাল-০১ মেটালার্জিক্যাল-০১ মেকানিক্যাল-০১	৭ম গ্রেড (২৯০০০-৬৩৪১০)	ক। ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট/বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল (সিএনসি মেশিন পরিচালনায় পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে) এবং মেটালার্জিক্যাল বিষয়ে প্রকৌশলে স্নাতক ডিগ্রি/স্নাতকোত্তর ডিগ্রি। খ। প্রচলিত নিয়মানুসারে চাকুরীতে প্রবেশের সময়সীমা ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তান-৩২ বছর)। অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে চাকুরীর বয়সসীমা শিথিলযোগ্য।
সহকারী প্রকৌশলী (কারিগরি)	১টি ইলেকট্রিক্যাল-০১	৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০)	ক। ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট/বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল বিষয়ে প্রকৌশলে স্নাতক ডিগ্রি। খ। প্রচলিত নিয়মানুসারে চাকুরীতে প্রবেশের সময়সীমা ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তান-৩২ বছর)। অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে চাকুরীর বয়সসীমা শিথিলযোগ্য।

### আনুষঙ্গিক সুবিধাদি :

- নিয়োজিত থাকাকালীন সময়ে পবিত্র ঈদ-উল-ফিতর/ঈদ-উল-আযহা উপলক্ষে মাসিক মূল বেতনের সমপরিমাণে উৎসব ভাতা;
- দায়িত্ব পালনের কারণে কোথাও যাতায়াত প্রয়োজন হলে ১ম শ্রেণির কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হারে যাতায়াত ও দৈনিক ভাতা;
- চুক্তিভিত্তিক নিয়োজিত থাকাকালীন সময়ে সপরিবারে বসবাসের জন্য ডিই শ্রেণির বাসা। তবে সেক্ষেত্রে ১ম শ্রেণির সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হারে বাসা রক্ষণাবেক্ষণ চার্জ, পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল কর্তনযোগ্য হবে;
- চুক্তিভিত্তিক নিয়োজিত থাকাকালীন সময়ে অফিস ও বাসায় সার্বক্ষণিক টেলিফোন সুবিধা;
- বিনামূল্যে নিজ, স্ত্রী ও সন্তানদের জন্য চিকিৎসা সুবিধা;

### শর্তাবলী :

- অভিজ্ঞতা ও বেতনের আলোকে বেতন-ভাতাদি নির্ধারণ করা হবে। চুক্তির মেয়াদ হবে প্রাথমিকভাবে ১ বছর। উভয়পক্ষের সম্মতিক্রমে চুক্তির মেয়াদ বর্ধিত করা যাবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পক্ষ কর্তৃক এক মাসের নোটিশ অথবা এক মাসের নির্ধারিত বেতন প্রদান সাপেক্ষে অত্র চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা যাবে।
- চুক্তিকালীন সময়ে অবশ্যই বিওএফ আবাসিক এলাকায় বসবাস করতে হবে এবং তিনি উল্লেখিত পদে সার্বক্ষণিকভাবে নিয়োজিত থাকবেন।
- নিয়োগকালীন সময়ে ১ম শ্রেণির কর্মকর্তাদের ক্ষেত্রে প্রচলিত সরকারি আচরণ বিধি ও সংশ্লিষ্ট অন্যান্য বিধিসমূহ মেনে চলবেন।
- আগ্রহী প্রার্থীগণকে নিজের পূর্ণ নাম, পিতা-মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, বয়স, জন্ম স্থান, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিভাগ/শ্রেণি, বোর্ড, সন ইত্যাদি উল্লেখসহ), অভিজ্ঞতা, জাতীয়তা ও ধর্ম প্রভৃতি উল্লেখপূর্বক কম্যান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা বরাবরে আবেদন করতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতা, চারিত্রিক সনদ এবং ইউনিয়ন/পৌরসভা/করপোরেশন এর চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদসহ আবেদনপত্র অবশ্যই ০৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে কম্যান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর-১৭০৩ এর ঠিকানায় প্রেরণ করতে হবে।
- নির্বাচনী পর্যদের সাথে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূল কপি উপস্থাপন করতে হবে। সাক্ষাৎের তারিখ ও সময় আপনার প্রদত্ত টেলিফোন/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।

এই-৫৫৪-৪৭৯/২১ (১০'x৩)

উপপরিচালক প্রশাসন এবং উপকরণ  
পক্ষে কম্যান্ড্যান্ট